

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১ (অংশ-৬)- ১১৫৮

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ জুন ২০২৬ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের জন্য অনলাইনে আবেদন আহবান।

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৯ জুলাই, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০২ মাস ও ০৪ সপ্তাহ মেয়াদি ০৪টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

নং	কোর্সের নাম	মেয়াদ	আবেদন ফি	ভর্তি ফি (ভর্তির সময়)	জামানত ফি (ভর্তির সময়)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	Catering & Hospitality Management (3 rd Batch)	০২(দুই) মাস	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	৭০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	নূন্যতম এইচ.এস.সি/ সম্মান পাস
০২	Web Site Design (9 th Batch)	০২(দুই) মাস	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	৭০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	০১। কমপক্ষে এইচ.এস.সি/ সম্মান পাস ০২। কমপক্ষে ৩ মাসের বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন
০৩	Tour Guide and Eco Tourism Management (31 st Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	৫০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	নূন্যতম এইচ.এস.সি/ সম্মান পাস
০৪	English Language & Business Communication (32 nd Batch)	০৪(চার) সপ্তাহ	১০০/- + চার্জ (অফেরতযোগ্য)	৫০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	নূন্যতম এইচ.এস.সি/ সম্মান পাস

কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।


০২। ছকে উল্লিখিত শর্তানুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সি আগ্রহী যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে <https://admission.univadmin.info> লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ (১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):

- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
- (২) এনআইডি;
- (৩) পাসপোর্ট সাইজের ছবি;

০৩। ইতোপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যে সকল যুব/যুবনারী কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। বর্তমানে যে সকল যুব ও যুবনারী বেকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত নয়/ ইতোপূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি ও প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক এরূপ নতুন প্রার্থীগণকে আবশ্যিকভাবে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। নির্বাচিত প্রার্থীগণের তালিকা আগামী ০৫ জুলাই, ২০২৬ তারিখ রবিবার জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.niyd.gov.bd এ প্রকাশ করা হবে।


Anida
20/6/26
সাহিদা ইয়াসমিন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।